গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

## রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের নভেম্বর মাসের সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোফাজ্জেল হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ০৪.১২.২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | বিকাল ৩.০০ টা। |
| স্থান | রেলভবনস্থ ২য় তলার সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১১) |
| উপস্থিতি | ০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক'। |

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ মফিজ উদ্দিন-কে আহবান জানান। প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহব্বান করা হয়েছে। সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য "মোবাইল অ্যাপস" তৈরি করার বিষয়ে আলোচনা হয়।<br>"মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসেবে রেলওয়ের Hot line ১৩১ এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জনগণকে জানানো যায় কিনা বিষয়টি পরীক্ষা করে দেখার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ২৯/০২/২০১৬, ৩১/০৫/২০১৬, ২৮/০৬/২০১৬, ৩১/০৭/২০১৬, ৩১/০৮/২০১৬, ২৭/০৯/২০১৬, ০১/১২/২০১৬, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ১০ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে যুগ্ম-মহাপরিচালক (অপারশেন) বলেন যে, তাঁরা সরকারি-বেসরকারি বিভিন্ন কল সেন্টার পরিদর্শন করেছেন। কল সেন্টারটি আউট সোর্সিং এর মাধ্যমে করলে বাংলাদেশ রেলওয়ের জন্য সুবিধাজনক হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। | "মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসেবে রেলওয়ের Hot line ১৩১ এর মাধ্যমে ট্রেনের ভাড়া, ট্রেন ছাড়া ও গন্তব্যে পৌঁছার সময়সূচী ইত্যাদি জনসাধারণের জন্য সহজলভ্য করা যায় কিনা এ বিষয়ে Technical বিষয়গুলো পর্যালোচনা করে যে সব সরকারি প্রতিষ্ঠান এ বিষয়ে আউট সোর্সিং করেছেন তাদের মডেল আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।<br>৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত wi-fi সেবার মান বৃদ্ধিপূর্বক আরো নতুন করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে wi-fi চালু করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৫/০৭/২০১৭, ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৫ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে QUBEE এর প্রতিনিধি তাঁদের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনা পর্যালোচনায় দেখা যায় আগামী ১৭/১২/২০১৭ তারিখ থেকে বাস্তবায়নের কাজ শুরু করে বনানী ও নরসিংদী স্টেশন ০৬/০১/২০১৮, ঢাকা ও চাদঁপুর স্টেশন ২৬/০১/২০১৮, ভৈরব ও ঈশ্বরদী স্টেশন ১৫/০২/২০১৮, জামালপুর ও পার্বতীপুর স্টেশন ০৭/০৩/২০১৮, সৈয়দপুর ও লালমনিরহাট স্টেশন ২৭/০৩/২০১৮, লাখসাম ও আখাউড়া স্টেশন ১৬/০৪/২০১৮ তারিখের মধ্যে wi-fi চালু করার কাজ বাস্তবায়ন সম্পন্ন করবেন। কর্মপরিকল্পনা মোতাবেক ১৬ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে সকল কাজ সম্পন্নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত wi-fi সেবার মান বৃদ্ধি পূর্বক আরো নতুন করে ১২ টি (লাকসাম, আখাউড়া, ঈশ্বরদী, লালমনিরহাট, নরসিংদি, বনানী, ঢাকা ক্যান্টনমেন্ট, চাঁদপুর, ভৈরববাজার, জামালপুর, পার্বতীপুর, সৈয়দপুর,) স্টেশনে আগামী ১৬ এপ্রিল ২০১৮ এর মধ্যে wi-fi পদ্ধতি চালু করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।<br>৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br>৪। QUBEE |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের wi-fi চালু করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৫/০৭/২০১৭, ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৫ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে Robi Axiata Ltd. তাদের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তাঁরা বলেন যে, ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে পাইলট হিসাবে "সোনার বাংলা এক্সপ্রেস" এ wi-fi পদ্ধতি চালু এবং বাকী ০৫টি ট্রেনে ২৫শে মার্চ ২০১৮ এর মধ্যে wi-fi পদ্ধতি চালু করতে পারবে। | বাংলাদেশ রেলওয়ের "সোনার বাংলা এক্সপ্রেস"আন্তঃনগর ট্রেনে পরীক্ষামূলকভাবে ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে wi-fi পদ্ধতি চালু এবং নিম্নবর্ণিত ০৫ টি i) সুবর্ণ এক্সপ্রেস ii) পারাবত এক্সপ্রেস iii) সুন্দরবন এক্সপ্রেস iv) একতা এক্সপ্রেস v) ধুমকেতু এক্সপ্রেস আন্তঃনগর ট্রেনে আগামী এপ্রিল ২০১৮ এর মধ্যে wi-fi পদ্ধতি চালু করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।<br>৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br>৪। Robi Axiata Ltd. |
| ০৪ | বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) এর মাধ্যমে টিকেট বিক্রি করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ২৭/১০/২০১৫, ২৬/১১/২০১৫, ২৯/১২/২০১৫, ০১/১২/২০১৬, ০৫/০৭/২০১৭, ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৯ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে জানান যে, প্রাথমিক পর্যায়ে ১০০টি (POS Machine) ক্রয়ের নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী ২০/১২/২০১৭ তারিখের মধ্যে এ বিষয়ে একটি Tender আহব্বান করা হবে। | পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) ক্রয়ের নিমিত্ত আগামী ২০/১২/২০১৭ তারিখের মধ্যে Tender আহব্বান করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে মালামাল বহনের জন্য উন্নতমানের ট্রলির সরবরাহ ও ট্রলির সংখ্যা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৪ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে গঠিত কমিটির আহব্বায়ক বাংলাদেশ রেলওয়ের যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) বলেন যে, রেইনবো এ্যাড নামের একটি প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ রেলস্টেশন গুলোতে বিনামূল্যে ১,০০০টি ট্রলি সরবরাহের উৎসাহ ব্যক্ত করেছেন। তবে ট্রলিগুলো সংগ্রহের পর রক্ষণাবেক্ষণ বাংলাদেশ রেলওয়ে-কে করতে হবে মর্মে আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের ঢাকা, চট্রগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট স্টেশনসমূহে মালামাল বহনের জন্য আধুনিক ও উন্নতমানের ট্রলি সংগ্রহের নিমিত্ত আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে রেইনবো এ্যাড নামের প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে আগামী ০১ (এক) মাসের মধ্যে ১,০০০টি ট্রলি সংগ্রহ নিশ্চিত করতে হবে এবং ট্রলি সমূহ প্রাপ্তির পর সেগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br>৩। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে<br>৪। অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে।<br>৫। অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ০৬ | রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ০৬/০৮/২০১৭, ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৪ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে গঠিত কমিটির আহব্বায়ক ও যুগ্ম-সচিব (প্রশাসন), সভাতে জানান যে, ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের সকল উইং প্রধানদের নিকট মতামত প্রদানের জন্য খসড়া সিটিজেন চার্টারের ছায়ালিপি প্রেরণ করা হয়েছে। | আগামী ১৫ (পনের) দিনের মধ্যে একটি অভ্যন্তরীণ সভা করে এবং বিভিন্ন মন্ত্রণালয় থেকে সিটিজেন চার্টারের ছবি সংগ্রহ করে অত্র মন্ত্রণালয়ে সিটিজেন চার্টার চূড়ান্ত করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br>২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>৩। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>৪। সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়।<br>৫। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ অনুযায়ী আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মান উন্নয়নের ক্ষেত্রে অত্র মন্ত্রণালয় কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) সমূহের ডাটাবেস প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে ২৯/০৮/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৩ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। এ বিষয়ে অত্র মন্ত্রণালয়ের প্রোগ্রামার জানান যে, উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) এর আওতায় অত্র মন্ত্রণালয়ের ডাটাবেজ তৈরীর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ করা হলে তারা জানান যে, ১২-১৩ ডিসেম্বর ২০১৭ এ বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে এবং উক্ত কর্মশালায় সংশ্লিষ্টদেরকে আমন্ত্রণ জানানো হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত কর্মশালা থেকে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক ডাটাবেজ প্রস্তুত করে অগ্রগতির প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়া পর্যালোচনা প্রোগ্রামার জানান যে, ইনোভেশন বক্সে ২টি পত্র পাওয়া যায় একটি পত্রের বিষয় হলো টিকিট ক্রয় করার সত্ত্বেও ট্রেনে উঠতে না পারা এবং অন্যটি হলো হিজরাদের ট্রেনে উৎপাত বন্ধ করা। প্রাপ্ত পত্র ২টির তথ্য ইনোভেশনের সাথে তেমন সংশ্লিষ্টতা নাই। ইতোপূর্বে ০১/০৬/২০১৭, ০৫/০৭/২০১৭, ০৮/১০/২০১৭, ০২/১১/২০১৭ তারিখ মোট ০৪ বার এসিদ্ধান্তটি নেওয়া হয়েছিল। সভাপতি জানান, রেলওয়ে Fan-Club নামের প্রতিষ্ঠানগুলির সদস্যগণ নিয়মিত তাদের ফেসবুকে বিভিন্ন বিষয়ে মতামত/সুপারিশ উপস্থাপন করেন। তাদের উপস্থাপিত সুপারিশগুলির মধ্যে অনেক ইনোভেটিভ আইডিয়া থাকে যা এ সভায় পর্যালোচনা করা যেতে পারে। | • প্রাপ্ত পত্র দুইটির বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে আগামী সভায় মতামত দিবেন।<br><br>• অত্র মন্ত্রণালয়ের প্রোগ্রামার প্রতিমাসে রেলওয়ে Fan-Club গুলোর সদস্যগণের ফেসবুক মন্তব্যের উপর একটি প্রতিবেদন ইনোভেশন টিমের সভায় দাখিল করেন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br><br>২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। |
| ০৯ | অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১৪ নং অনুচ্ছেদের ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সেশন অন্তর্ভূক্ত করার বিষয়ে আলোচনা হয় এবং একটি খসড়া Module উপস্থাপন করা হয়। ডিজি, বিআর জানান যে, খসড়া Module টির বিষয়ে রেক্টর ট্রেনিং ইনস্টিটিউট এর মতামত গ্রহণ করে তা চূড়ান্ত করা যেতে পারে। | খসড়া Module টির উপর ডিজি, বিআর এর মাধ্যমে রেক্টর ট্রেনিং ইনস্টিটিউটের মতামত গ্রহণ করতে হবে। | ১। ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত দুইটি পত্রের বিষয়ে প্রোগ্রামার সভাতে জানান যে, i) রেলপথ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবাসহ অন্যান্য সেবা সহজীকরণের জন্য সেবার নাম নির্বাচন ও কার্যক্রমের প্রতিবেদন এবং ii)২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন তৈরীর বিষয়ে গঠিত কমিটি ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ছকগুলো পূরণ করে প্রতিবেদন দাখিল করেছেন যার ভিত্তিতে এ মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখায় এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | i) এ মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখায় ও ii) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত প্রতিবেদন দুইটির ভূতাপেক্ষ অনুমোদন দেওয়া হল। | i) উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়-আহব্বায়ক<br><br>ii) পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে-সদস্য<br><br>iii) প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়-সদস্য সচিব |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.১৭.২৮

তারিখ: ৪ পৌষ ১৪২৪
১৮ ডিসেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২) অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৪) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৫) যুগ্মসচিব, আইন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) উপসচিব, প্রশাসন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৭) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৮) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯) সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১০) যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১১) অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী

১২) অতিরিক্ত প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম

মোঃ মফিজ উদ্দিন
প্রোগ্রামার